০৭/৩/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০৩৩.১৪-১১৫

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৪ / ০৭ মার্চ ২০১৮

বিষয়: ১৭ মার্চ, ২০১৮ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে শিক্ষক ও ছাত্র/ছাত্রী উপস্থিতি নিশ্চিতকরণ।

সূত্র: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৩২.০০.০০০০.০৪১.২২.০০১.১৮-৬৩ তারিখ: ০৪.০৩.১৮

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত স্মারকের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। পত্রে উল্লেখ করা হয়েছে যে, যথাযথ মর্যাদায় আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০১৮ উদ্‌যাপিত হবে। উক্ত দিবসে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে শিক্ষক ও ছাত্র/ছাত্রীর উপস্থিতি নিশ্চিতকরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও ছাত্র/ছাত্রীর উপস্থিতি নিশ্চিত করে যথাযোগ্য মর্যাদায় ও আনন্দমুখর পরিবেশে দিবসটি উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে এক পৃষ্ঠা।

০৭.০৩.১৮

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

১। কমিশনার
(সকল বিভাগ)।

---

স্মারক নং-৩৭.০২.৬১.০০.০০০.২৭.০০৩.১৮- ৪৫২(৩০৩) অতীব জরুরী তারিখ: ১২.০৩.২০১৮ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে ঃ

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, (সকল), ময়মনসিংহ জেলা। (মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা কর্তৃক জারীকৃত ০৭.০৩.২০১৮ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১২.৮২.০৩৩.১৪-১১৫ নং-পত্রের মর্মানুযায়ী জেলাধীন উপজেলা ভিত্তিক প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ১৭ মার্চ ২০১৮ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে বাধ্যতামূলকভাবে সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রীর উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।)

২। অফিস নথি।

১২/০৩/১৮

(মোঃ রফিকুল ইসলাম)
জেলা শিক্ষা অফিসার
ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ................................, ময়মনসিংহ।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল, ময়মনসিংহ। (উপরোক্ত পত্রের নির্দেশনা বাস্তবায়নে উপজেলা ভিত্তিক সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কে যথা সময়ে অবহিত করণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
৭। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)
www.sesip.gov.bd

স্মারক নং- মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৫২/হাকবিশি/২০১৬/১৬১৮ তারিখ: ০৬.০৩.২০১৮ খ্রি.

বিষয় : মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষকগণের জন্য হাতে কলমে বিজ্ঞান শিক্ষা বিষয়ক ০৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষণের জন্য যোগ্য প্রশিক্ষণার্থী শিক্ষকগণের নামের তালিকা প্রস্তুত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অবহিত করা যাচ্ছে যে, মাধ্যমিক স্তরের বিজ্ঞান শিক্ষকগণের জন্য হাতে কলমে বিজ্ঞান শিক্ষা বিষয়ক ০৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষণ বিগত জুন ও নভেম্বর ২০১৬ মাসে অনুষ্ঠিত হয়। শীঘ্রই বর্ণিত প্রশিক্ষণ পুনরায় আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ের প্রতিটি প্রতিষ্ঠান [বিদ্যালয় (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক)/মাদ্রাসা] হতে ৬ষ্ঠ-৮ম শ্রেণিতে পাঠদানকারী বিজ্ঞান শিক্ষকগণের মধ্যে "হাতে কলমে বিজ্ঞান শিক্ষা" বিষয়ে বিগত জুন ও নভেম্বর ২০১৬ মাসে আয়োজিত কর্মসূচীতে অংশগ্রহণ করতে পারেনি এরূপ শিক্ষকগণের নামের তালিকা উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে ইংরেজীতে এক্সেলসীটে নিম্নছক অনুযায়ী প্রস্তুত করে আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখের মধ্যে **spsu. training2017@gmail.com** ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বর্ণিত কর্মসূচিতে ইতোপূর্বে অংশগ্রহণকারী শিক্ষকগণ এ প্রশিক্ষণের আওতা বহির্ভূত থাকবেন।

| SL | Name | Designation | Name of Institution | Subject | Cell no. | National ID no. | Index no. | Upazila |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

(মোঃ আবু ছাইদ শেখ)
অতিরিক্ত সচিব

---

স্মারক নং-৩৭.০২.৬১০০.০০০.২৩.০০৩.১৮-/৯৫৩ তারিখ: ১২.০৩.২০১৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ। (যুগ্ম প্রোগ্রাম পরিচালক-(সেসিপ) ঢাকা মহোদয়ের কার্যালয়ের স্মারক নং- মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৫২/হাকবিশি/২০১৬/১৬১৮, তারিখঃ ০৬.০৩.২০১৮ খ্রিঃ মোতাবেক তাঁর উপজেলাধীন (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক)/মাদ্রাসা হতে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণিতে পাঠদানকারী বিজ্ঞান শিক্ষকগণের মধ্যে "হাতে কলমে বিজ্ঞান শিক্ষা" বিষয়ে বিগত জুন ও নভেম্বর ২০১৬ মাসে আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারেনি এরূপ শিক্ষকগণের নামের তালিকা এক্সেল ফরমেটে প্রস্তুত করে আগামী ২০ মার্চ ২০১৮ তারিখের মধ্যে অত্র কার্যালয়ের ইমেইলে সফট কপি ও হার্ডকপি প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।)
২। অফিস নথি।

(মোঃ রফিকুল ইসলাম)
জেলা শিক্ষা অফিসার
ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ), শিক্ষা ভবন, ঢাকা।
৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৭। উপজেলা নির্বাহী অফিসার, ......................, ময়মনসিংহ।
৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,......................................,ময়মনসিংহ।
৯। অফিস নথি।